২৭। স্প্যানিশ যুবক যুবতীরা যেহেতু সামাজিক প্রাচার মাধ্যম এবং ইণ্টারনেটের মাধ্যমে পারস্পরিক ভাববিনিময় করে, সেহেতু তারা ভ্রান্ত বার্তাগুলি গ্রহণ করে এবং এর ফলে তারা দিশাহারা হতে পারে এবং আত্মহত্যার বিষয় গভীরভাবে বিবেচনা করতে পারে। হে প্রভু, তাদের কাছে তোমার ভালোবাসা, সত্য এবং শান্তি প্রকাশ করো। (যিরমিয় ২৯:১১)

২৮।হে ঈশ্বর, সুইডেনের চার্চগুলি তাদের বিশ্বাস এবং প্রার্থনায় পূর্ণ করার জন্যে তোমার আত্মাকে আমন্ত্রণ করে যাতে লোকেরা তোমার মধ্যে নিমজ্জিত হয় এবং তোমার মঙ্গলভাব দেখতে পারে! (গীত ৩৪:৮-৯)

২৯।হে প্রভু, আলবেনিয়ার বাবা মায়েদের শিক্ষার সুবিধাগুলি বুঝতে এবং তাদের কন্যাদের বিদ্যালয়ের শিক্ষা শেষ করতে উৎসাহিত করতে সাহায্য করো।(হিতোপদেশ ৪:১৩)

৩০। হে পিতা ঈশ্বর, ক্রোয়েশিয়ার বাবা মায়েদের প্রজ্ঞা এবং শক্তি দাওয়ার জন্য আমরা প্রার্থনা করি যারা এই চ্যালেঞ্জের সময় তাদের সন্তানদের মানুষ করছে। (দ্বি:বি:৬:৬-৭)

৩১। হে পিতা, পর্তুগালের ট্রান্স ওয়ার্ল্ড রেডিও আশাময়ী নারী দলটির প্রয়োজনীয় তহবিল জোগানের জন্য আমরা তোমার কাছে প্রার্থনা করি যাতে তারা সেখানকার মহিলাদের পরিচর্যা অবিরত চালিয়ে যেতে পারে। (২ করি ৯:৮)

## বাংলাদেশের জন্য বিশেষ প্রার্থনা

১। প্রার্থনা করবেন তুরস্ক এবং সিরিয়ায় যারা ভুমিকম্পের কবলে পরে স হারিয়েছে, এবং একেই সাথে প্রার্থনা করবেন বাংলাদেশের জন্য কারণ ঢাকা শহর এখন ভূমিকম্পের আশঙ্কা সীমায় রয়েছে। ঈশ্বর যেন আমাদের পাপ ক্ষমা করে আমাদের দেশেকে দুর্যোগের হাত থেকে রক্ষা করেন।

২। করোনার কারণে অনেকে তাদের জীবিকা হারিয়েছে, প্রার্থনা করবেন যেন বাংলাদেশ বেকারত্বের অভিশাপ থেকে মুক্তি পায়, বিশেষ করে যেন নারীদের কর্মসংস্থান নিশ্চিত হয়।

৩। বাংলাদেশের নারীরা যেন সেক্স-ট্রাফিক-এর ফাঁদে না পরে এবং ঈশ্বর যেন বাংলদেশের পরিবার ও সমজে আত্মিক উদ্দীপনায় নারীদেরকে আর বেশি ব্যবহার করেন।

৪। এখনো বিভিন্ন জায়গায় ঈশ্বরের বিশ্বাসীগণ প্রত্যক্ষ এবং পরোক্ষভাবে বিভিন্নভাবে অত্যাচারিত হচ্ছে, বিশেষভাবে যারা সুসমাচার নিয়ে কাজ করে তারা বিভিন্ন বৈষম্যের শিকার হচ্ছে। তাদের জন্য প্রার্থনা করবেন যেন ঈশ্বর তার সন্তানদেরকে তার পক্ষের নিচে করে রক্ষা করেন এবং কার্যকর ভাবে তাদের ব্যবহার করেন।

৫। বাংলাদেশের সরকার এবং যারা বাংলাদেশের সাংগঠনিক দায়িত্বে রয়েছেন, যারা বাংলাদেশের উজ্জ্বল ভবিষ্যতের জন্য প্রাণপণ কাজ করছেন তাদের জন্য প্রার্থনা করবেন, তারা যেন কোন রকম পরীক্ষায় না পরে, কোন রকম অনৈতিক কাজে লিপ্ত না হয়ে দেশ ও দশের জন্য সৎভাবে কাজ করতে পারেন। তাদের মধ্যে যেন ঈশ্বরভয় থাকে, সর্বোপরি তারা যেন ঈশ্বরকে জানতে পারে।


후원안내

국민은행 851-01-0003-724 북방선교방송

최초 입금 후 사무실로 연락 주시기 바랍니다


# Women of Hope

Prayer Calendar

২। প্রতি মাসে প্রকাশিত 'প্রত্যাশাময়ী নারী' নামক প্রার্থনা পঞ্জিকাটি ১০০টি ভাসায় অনুবাদিত হচ্ছে, এবং ৬৫০০০ এরও বেশি মানুষ এক সঙ্গে প্রার্থনা করছে।



**2023. 3.**

ইউরোপীয় মহিলাদের জন্য প্রার্থনা

শীতের পরে যখন সবকিছু মৃত বলে মনে হয়, যখন বসন্ত আসে এবং নতুন জীবন ফুটে ওঠে, তখন আমাদের ঈশ্বরের সামনে নম্র হওয়া ছাড়া আর কোন উপায় থাকে না, যিনি এই পৃথিবী সৃষ্টি করেছেন। এমনকি একটি হৃদয় যা মারা যাওয়ার পক্ষে যথেষ্ট কঠিন ছিল তাও উষ্ণ এবং নমনীয় হয়ে উঠবে যখন আমাদের সাক্ষাৎ যীশুর সাথে হয় । আশা করি আপনি আমাদের শরীর, মন এবং আত্মাকে সুস্থ করার জন্য ঈশ্বরের শক্তিকে দৃঢ়ভাবে ধরে রাখবেন।


**TWR Korea 북방선교방송**

서울특별시 관악구 양녕로 15, 월드빌딩 6층

전화 (02)886-5671 / 이메일 phkorea@twrk.or.kr

**আন্তরিক ভাবে প্রার্থনা করছি।**

১। হে প্রভু, আমরা তোমার প্রশংসা করি কারণ আমাদের আলবেনিয়ার দলটি ঘরোয়া-অত্যাচারিত মহিলাদের আশ্রয়, লাইটহাউস আলবেনিয়ার সঙ্গে কাজ করছে, এবং স্কুলের পর বিভিন্ন কর্মসূচীর মাধ্যমে তাদের সন্তানদের দেখাশোনা করার দ্বারা মহিলাদের সাহায্য করছে এবং তাদের ঘরভাড়ার টাকা দিয়ে সাহায্য করছে। (যাকোব ২:১৫-১৮)।

২। হে ঈশ্বর, ক্রোয়েশিয়ার ট্রান্স ওয়ার্ল্ড রেডিও আশাময়ী নারী দলটিকে পথ দেখাও যাতে তারা একটি স্টুডিও খুঁজে পায় যেখানে তারা তাদের কর্মসূচীগুলো তৈরী করতে পারে, যা এখন একটি ব্যক্তিগত ঘরে রাখা আছে। (ফিলিপীয় ৪:১৯)

৩।হে প্রভু, ডেনমার্কের অসংখ্য নিঃসঙ্গ লোকেরা যেন যীশুকে তাদের ত্রাণকর্তা এবং বন্ধু হিসাবে খুঁজে পায়।তাদের উৎসাহিত করার জন্য তোমার লোক পাঠাও।(যোহন ১৫:১৫)

৪। স্বর্গীয় পিতা, ফারোই দ্বীপে ট্রান্স ওয়ার্ল্ড রেডিও আশাময়ী নারী প্রার্থনা ক্যালেণ্ডারের অনুবাদের জন্য আমাদের তিনজন অনুবাদক খুঁজে পাওয়ার উদ্দেশে আমরা তোমার প্রজ্ঞা, শক্তি এবং উৎসাহের জন্য প্রার্থনা করি। (যাকোব ১:৫)

৫। হে পিতা, ফিনল্যাণ্ডে মহিলাদের মুক্তি এবং সর্বাত্মক আরোগ্যের জন্য প্রার্থনা করি যারা তাদের সম্পর্কগুলির মধ্যে শারীরিকভাবে এবং মানসিকভাবে অত্যাচারিত হচ্ছে। (গীত ১ ৮:৪৮)

৬। প্রভু, আরও অধিক অনলাইন প্রার্থনা জমায়েত করা এবং সংগঠিত করার জন্য জার্মানের ট্রান্স ওয়ার্ল্ড রেডিও আশাময়ী নারী দলটিকে সৃজনশীলতা দাও।(মথি ১৮:২০)

৭।হে পিতা, একজন বোনকে দাও যে শাস্ত্র ব্যবহার করার দ্বারা উত্তর ককেশাসে পতিত মহিলাদের সঙ্গে যোগাযোগ করবে এবং তাদের পরিচর্যা করবে। (১ পিতর ৪:১০)

৮।হে ঈশ্বর, ২ মিনিট অডিও অনুধ্যান ধারাবাহিকের ও ২ জন অনুবাদকের জন্য আমরা প্রার্থনা করি যা নরওয়ে ট্রান্স ওয়ার্ল্ড রেডিও আশাময়ী নারী দলটি তাদের অংশীদারদের কাছে পাঠানোর চিন্তা করেছে। (ফিলিপীয় ৪:১৯)

৯।হে পিতা, পোলাণ্ডের আইন প্রণেতাদের প্রকৃত সমাধান দাও যাতে তারা অনাথ এবং গৃহহীনদের তত্ত্বাবধান করার জন্য একটি সামাজিক প্রক্রিয়া সৃষ্টি করতে পারে।(হিতোপদেশ ২:৬)

১০।হে ঈশ্বর, আমরা পর্তুগালে প্রাক্ বৈবাহিক সাক্ষাৎকারে দৈহিক বলপ্রয়োগের সমাপ্তির জন্য প্রার্থনা করি, কারণ অত্যাচারিত মহিলারা যেন অত্যাচারের ঘটনাগুলি রির্পোট করে এবং অপরাধীদের বিরুদ্ধে যেন কঠোর শাস্তি গ্রহণ করা হয়। (গীত ১০:১৪)

১১। হে প্রভু, অপরিণত বয়েসে গর্ভবতী হওয়ার ঝুঁকি নিয়ে রোমানিয়ার তরুণীদের বিবাহের আগে যৌন জীবন শুরু করার প্রলোভনকে প্রতিরোধ করো।(গীত ১১৯:৯-১১)

১২।হে ঈশ্বর, যে মহিলারা বাইবেলের জন্য অনুরোধ করেছিল তারা সার্বিয়ান আশাময়ী নারী দলের কাছ থেকে একটি করে বাইবেল লাভ করার জন্যে তোমার প্রশংসা করি। তোমার বাক্য তাদের শক্তিশালীভাবে রূপান্তরিত করুক। (গীত ১১৯:১০৫)

১৩।স্পেনের মহিলা এবং বালিকারা অত্যধিক মাত্রায় যৌনজীবন যাপন করার গুরুত্বের বিষয়ে নিজেদের মানিয়ে নেবার চাপ অনুভব করছে। হে প্রভু তাদের মন এবং দেহকে সুরক্ষিত করো। (রোমীয় ১২:২)

১৪।হে পিতা, সুইডেনের যুবকযুবতীদের কাছে তুমি নিজেকে প্রকাশ করো এবং তাদের পছন্দগুলির ক্ষেত্রে তোমার হৃদয় জানতে তাদের সাহায্য করো যা তাদের জীবনগুলিকে যথাযথভাবে নির্ধারণ করবে।(যিরমিয় ২৯:১৩)

১৫। হে ঈশ্বর, তুমি আলবেনিয়ার মহিলা এবং বালিকাদের সুরক্ষিত করো। ২০২১ সালে সেখানে হত্যার সংখ্যা ১৩% বৃদ্ধি পেয়েছে, যার এক-তৃতীয়াংশ মহিলা পরিবারের সদস্যদের দ্বারা এবং জীবন সঙ্গীদের দ্বারা নিহত হয়েছে। (গীত ২৭:২)

১৬। হে অনুগ্রহপূর্ণ ঈশ্বর, ক্রোয়েশিয়ার খ্ৰীষ্টিয় মহিলাদের অনুগ্রহ এবং ভালোমন্দ বিচারের ক্ষমতা দাও যারা অসম যৌয়ালীতে আবদ্ধ হচ্ছে।তাদেরকে সেই সমস্ত লোকদের কাছে ঈশ্বরীয় সাক্ষী হতে সাহায্য করো। (১ করি ৭:১৩-১৪)

১৭। হে প্রভু, আমরা ডেনমার্কের সেই সমস্ত পরিবারগুলির জন্য প্রার্থনা করি যাদের মধ্যে মানসিক অসুস্থ সদস্য আছে।অনুগ্রহ করে তাদের অন্তরে এবং মনে হস্তক্ষেপ করো এবং আরোগ্য আনো। (যিশাইয় ৩৫:৩-৪)

১৮।হে পিতা, প্রতি সপ্তাহে একজন করে গ্রীণল্যাণ্ডের লোকেরা আত্মহত্যা করছে। সেখানকার আত্মহত্যার হার পৃথিবীর মধ্যে সব থেকে অধিক। তুমি সেখানে নিজেকে প্রকাশ করো এবং আশাহীনদের কাছে আশা আনো। (হিতোপদেশ ১৭:২২)

১৯।হে প্রভু, আমরা ফিনল্যাণ্ডের ব্যবসায়ীদের অন্তর, মনোভাব এবং ক্রিয়াকলাপগুলি পরিবর্তনের জন্য প্রার্থনা করি যাতে একই কাজের জন্যে মহিলারা তাদের পুরুষ সহকর্মীদের মতো সমান বেতন পায়। (যিশাইয় ১:১৭)

২০।হে ঈশ্বর, জার্মান আশাময়ী নারী দলটি যেন কার্যকরভাবে তাদের কর্মীদের এবং বিভিন্ন আন্তর্জাতিক প্রকল্পগুলিকে যোগাযোগ, উৎসাহ এবং প্রার্থনার মাধ্যমে সাহায্য করতে পারে তার জন্য প্রার্থনা করি। (কলসীয় ১:৯)

২১।হে পিতা, এই অস্থির সময়ে উত্তর ককেশাসের লোকদের মনে শান্তি দাও যাতে তারা পরস্পরকে সাহায্য করতে পারে এবং নিরুৎসাহিত না হয়। (১ যোহন ৪:১১)

২২। হে প্রভু, নরওয়ের ট্রান্স ওয়ার্ল্ড রেডিও আশাময়ী নারী প্রার্থনা পরিচর্যার সঙ্গে যুক্ত সকলকে শক্তি এবং উৎসাহ দাও। (রোমীও ১২:১২)

২৩। হে পিতা, পোল্যাণ্ডের লোকদের উপর এবং দেশটির উপর তোমার শান্তি এবং সুরক্ষা দাও। (গীত ২০:১)

২৪।হে পিতা, পর্তুগালের সেই সমস্ত মহিলাদের আরোগ্য করো যারা সাম্প্রতিক অতিমারীর কারণে দুশ্চিন্তা এবং হতাশায় ভুগছে । (যোহন ১৪:১)

২৫।হে সদাপ্রভু ঈশ্বর, রোমানিয়ার আশাময়ী নারীর কর্মসূচীগুলির অতিথিদের আশীর্ব্বাদ করো যারা তাদের জীবনে তোমার আশ্চর্য কাজের বিষয় সাক্ষ্য দিয়েছেন এবং অনেক মহিলাদের উৎসাহিত করেছেন। (২ করি ১:৩-৪)

২৬।হে পিতা, সাইবেরিয়ার রোমানীয়াদের প্রতি পরিচর্যা যেন অবিরত বৃদ্ধি পায়।তারা যে তোমার ভালোবাসা পেয়েছে এবং তোমার দ্বারা গ্রাহ্য হয়েছে সেই বিষয়টি রোমা মহিলাদের কাছে সহভাগিতা করার জন্য এই সাইবেরিয়ার দলটিকে ব্যবহার কর। (রোমীয় ৮:১৪-১৬)